গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
পানছড়ি, খাগড়াছড়ি।
e-mail : ufopanchari@fisheries.gov.bd

পত্র নং ঃ- ৩৩.০২.৪৬৭৭.৫০১.৩৯.০০১.২২-৯৮ তারিখ ঃ ১৭/০৮/২০২৩খ্রিঃ

বিষয় ঃ উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভায় অংশগ্রহন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ(সংশোধন) আইন,২০১১-২৪ এর ২৯ ধারা(সংশোধিত) অনুযায়ী গঠিত উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভা আগামী ২০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি এর সভাপতিত্বে উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হবে।

সম্মানিত সদস্য হিসেবে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৭/৮/২৩
(প্রিয় কান্তি চাকমা)
উপজেলা মৎস্য কর্মকর্তা(ভাঃ)
পানছড়ি,খাগড়াছড়ি।

প্রাপক ঃ

..................................

..................................

পত্র নং ঃ- ৩৩.০২.৪৬৭৭.৫০১.৩৯.০০১.২২- ৯৮/১(৮) তারিখ ঃ ১৭/০৮/২০২৩খ্রিঃ

*সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরন ঃ-*

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি।
২। উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি, খাগড়াছড়ি।
৩। অফিস কপি।

১৭/৮/২৩
(প্রিয় কান্তি চাকমা)
উপজেলা মৎস্য কর্মকর্তা(ভাঃ)
পানছড়ি,খাগড়াছড়ি।

## মৎস্য এবং প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভার কার্য বিবরণী ঃ

সভার তারিখ ঃ- ২০/০৮/২০২২৩খ্রিঃ, রোজ রবিবার, সকাল ১১.০০টা
সভার স্থান ঃ- উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, পানছড়ি।
সভাপতি ঃ- জনাব চন্দ্র দেব চাকমা, প্যানেল চেয়ারম্যান , উপজেলা পরিষদ,পানছড়ি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | ডা: সমাপন চাকমা | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পানছড়ি | স্বাক্ষরিত |
| ০২. | মোঃ আহির উদ্দিন | চেয়ারম্যান, ৫নং উল্টাছড়ি ইউনিয়ন,পানছড়ি | স্বাক্ষরিত |
| ০৩. | ভূমিধর রোয়াজা | চেয়ারম্যান, ৪নং লতিবান ইউনিয়ন, পানছড়ি | স্বাক্ষরিত |
| ০৪. | আনন্দ জয় চাকমা | চেয়ারম্যান, ২নং চেঙ্গী ইউনিয়ন,পানছড়ি | স্বাক্ষরিত |
| ০৫. | প্রিয় কান্তি চাকমা | উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি | স্বাক্ষরিত |

## মৎস্য বিভাগ

১। মৎস্য সম্প্রসারণ কার্যক্রমঃ

| লক্ষ্যমাত্রা ও অর্জন | সম্প্রসারণ কার্যক্রম (২০২৩-২০২৪) | | | | |
|---|---|---|---|---|---|
| | অফিসে পরামর্শ প্রদান | উপজেলা/জেলা পরিষদের অর্থায়নে মৎস্য নার্সারি স্থাপন | প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন | ব্যাংক ঋণ প্রাপ্তিতে চাষীদের সহযোগিতা প্রদান | মৎস্য আইন বাস্তবায়ন/মোবাইল কোর্ট পরিচালনা |
| | সংখ্যা | সংখ্যা | সংখ্যা | সংখ্যা | সংখ্যা |
| লক্ষ্যমাত্রা | ৭৫ | ০১ | ৬০ | ১২ | ০২ |
| অর্জিত (প্রতিবেদনাধীন মাসে) | ০৫ | - | ০৬ | - | - |
| ক্রমপুঞ্জিত | ১০ | ০১ | ১২ | - | - |

**২। মৎস্য খাতে ক্ষুদ্র ঋণ কর্মসূচিঃ**

"মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল" কার্যক্রমের আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। জুলাই,২০২৩খ্রিঃ মাস পর্যন্ত মোট আদায় হয় ৪.৬১৫৮০ লক্ষ টাকা। আর অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬১৯২০ লক্ষ টাকা। আদায়ের হার ৫৬%।

**৩। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্প ঃ**

পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্যসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা মৎস্য ভবন ও ট্রেনিং সেন্টার নির্মাণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

**৪। পোনা অবমুক্তকরন কর্মসূচিঃ**

চলতি আর্থিক (২০২৩-২০২৪) সালে অত্র পানছড়ি উপজেলাধীন অভ্যন্তরীণ জলাভূমি/বর্ষায় প্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি/ক্রীক/প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তির কার্যক্রম বিগত ১৪ আগস্ট,২০২৩ খ্রি: তারিখ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এ কার্যক্রমের আওতায় ১৬টি প্রাতিষ্ঠানিক জলাশয়ে মোট ১৫৬ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়। উক্ত কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার জন্য ঐকান্তিক সার্বিক সহযোগিতা করায় উপজেলা পরিষদের সম্মানিত প্যানেল চেয়ারম্যান,উপজেলা নির্বাহী অফিসার,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অশেষ কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

৫। এডিপি/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর বাজেট হতে মৎস্য খাতে প্রকল্প প্রস্তাব ঃ

অত্র উপজেলাধীন অধিকাংশ মাছচাষী এখনও সনাতন পদ্ধতিতে মাছ চাষ করেন। ফলে আশানুরুপ মাছের উৎপাদন পাওয়া যায় না। সাধারণ জনগণকে মাছচাষে উদ্বুদ্ধ করতে এবং আগ্রহী উদ্যেক্তা সৃষ্টি, কারিগরী দক্ষতা বৃদ্ধি আনয়নের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য বিভাগীয় সরকারী অর্থ বরাদ্ধের পাশাপাশি উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচীর(এডিপি)/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর বাজেটে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করার জন্য গুরুত্বারোপ করা হয়। (প্রাক্কলন সংযুক্ত)

**উপজেলা পরিষদের নিকট সুপারিশ ঃ** উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি)/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর অর্থায়নে **"কার্প জাতীয় মাছের মিশ্রচাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ"** বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হলো।

## প্রাণিসম্পদ বিভাগ

**ক) সম্প্রসারন কার্যক্রম ঃ**

১। ক) সাধারন রোগ প্রতিরোধ গবাদি পশু চিকিৎসা - ১১২০ টি।
খ) সাধারন রোগ প্রতিরোধ হাঁস-মুরগি চিকিৎসা - ৯২০৩ টি।
২। উঠান বৈঠক সংখ্যা - ০৪ টি।
৩। খামার পদির্শন - ০৫টি ।

**খ) এডিপি/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর বাজেট হতে প্রাণিসম্পদ খাতে প্রকল্প প্রস্তাব ঃ**

গবাদি রোগ প্রতিরোধ কল্পে এবং প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে খামারীদের ন্যূনতম ০৩ (তিন) দিন গবাদি ও হাঁস-মুরগী পালন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহনের জন্য বরাদ্ধ প্রয়োজনের আলোচনা উত্তাপিত হয়। (প্রশিক্ষণ ব্যয় প্রাক্কলন সংযুক্ত)

**উপজেলা পরিষদের নিকট সুপারিশ ঃ** উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি)/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর অর্থায়নে **"গবাদি ও হাঁস-মুরগী খামারী প্রশিক্ষণ প্রকল্প"** বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত
২০/০৮/২০২৩
(চন্দ্র দেব চাকমা)
উপজেলা প্যানেল চেয়ারম্যান
ও
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি
পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং ঃ ৩৩.০২.৪৬৭৭.৫০১.৩৪.০০১.২২- ৯৮/১(৮) তারিখ ঃ ২০/০৮/২০২২৩খ্রিঃ

*সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরন ঃ*

১। চেয়ারম্যান ,উপজেলা পরিষদ,পানছড়ি,খাগড়াছড়ি।
২। উপজেলা নির্বাহী অফিসার,পানছড়ি,খাগড়াছড়ি।
৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,পানছড়ি,খাগড়াছড়ি।
৪। চেয়ারম্যান, চেংগী ইউপি/লতিবান ইউপি/উল্টাছড়ি ইউপি এবং সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি,পানছড়ি।
৫। অফিস কপি।

২০/৮/২৩
(প্রিয় কান্তি চাকমা)
উপজেলা মৎস্য কর্মকর্তা
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি
পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

### মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | ডাঃ সমাপন চাকমা | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পানছড়ি | |
| ০২. | ভূমিধর রোয়াজা | চেয়ারম্যান, ৪নং লতিবান ইউনিয়ন, পানছড়ি | |
| ০৩. | আনন্দ জয় চাকমা | চেয়ারম্যান, ২নং চেংগী ইউনিয়ন,পানছড়ি | |
| ০৪. | মোঃ আহির উদ্দিন | চেয়ারম্যান, ৫নং উল্টাছড়ি ইউনিয়ন,পানছড়ি | |
| ০৫. | প্রিয় কান্তি চাকমা | উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি | |